# কুমিল্লায় কাভার্ডভ্যান উল্টে প্রাইভেটকার চাপা, একই পরিবারের চারজন নিহত




সংগৃহীত ছবি

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লা সদর দক্ষিণে কাভার্ডভ্যান উল্টে প্রাইভেটকার চাপা পড়লে একই পরিবারের চারজন নিহত হয়েছেন। শুক্রবার (২২ আগস্ট) দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে বাবা-মা ও দুই সন্তান ছিলেন।

কুমিল্লার পদুয়ার বাজার এলাকায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের চারজনের প্রাণহানি ঘটেছে। শুক্রবার (২২ আগস্ট) দুপুরে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সদর দক্ষিণ উপজেলার হোটেল নূরজাহান এলাকার সামনে এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, চট্টগ্রাম থেকে ঢাকার দিকে আসছিল একটি কাভার্ডভ্যান। এসময় বিপরীত পাশে নুরজাহান রেস্টুরেন্টের সামনে হানিফ পরিবহনের একটি যাত্রীবাহী বাস ইউ-টার্ন নিতে গেলে কাভার্ডভ্যানটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। এতে নিচে চাপা পড়ে একটি প্রাইভেটকার ও একটি সিএনজি অটোরিকশা।

প্রাইভেটকারটিতে থাকা একই পরিবারের চারজন কুমিল্লার দিকে যাচ্ছিলেন। গাড়িতে বাবা, মা ও দুই সন্তান ছিলেন। চাপা পড়ার সঙ্গে সঙ্গেই তারা ঘটনাস্থলে নিহত হন।

এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে চৌয়ারাবাজার ফায়ার স্টেশনের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ চালায়। পুলিশ জানিয়েছে, নিহতদের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে এবং কাভার্ডভ্যান ও বাস জব্দ করা হয়েছে।